# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা

www.dscc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০১.৭৬১.২০২১-৫১১

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০৩২.১৯-১৭৭ নম্বর স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সহকারী প্রোগ্রামার<br>২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ১ টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজতত্ত্ব বা ব্যবসায় প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ষ্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেষ্ট ফর প্রোগ্রামিং এ উত্তীর্ণ হতে হবে; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেনী বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ২. | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ১ টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ষ্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেষ্টে উত্তীর্ণ হতে হবে। |
| ৩. | নিরাপত্তা কর্মকর্তা<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(১০ম গ্রেড) | ১ টি | ৪৫ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রতিরক্ষা বাহিনীর জুনিয়র কমিশন্ড অফিসার বা সার্জেন্ট পদে ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মচারী; এবং<br>(গ) সুঠাম দেহের অধিকারী হতে হবে। |

২। নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

(১) ০১.০৬.২০২২ খ্রিস্টাব্দ তারিখে সহকারী প্রোগ্রামার ও সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর এবং নিরাপত্তা কর্মকর্তা পদে সর্বোচ্চ ৪৫ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৭) চাকুরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর সভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

(১০) সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদসমূহের জন্য লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৩) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://dscc.teletalk.com.bd এবং www.dscc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১৬ আষাঢ় ১৪২৯/৩০ জুন, ২০২২ সকাল ঃ ১০.০০ টা।

(II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ০৬ শ্রাবণ ১৪২৯/২১ জুলাই, ২০২২ বিকাল ঃ ৫.০০ টা।

(III) উক্ত বয়সসীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৪) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ১ ও ২ নং পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং ৩ নং পদের জন্য ৭০০/-(সাতশত) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

(১৫) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

270622

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ডিএসসিসি/ পিআরডি/ ২৭৬/ ২০২১-২০২২

GA-2570/22 (14x4)